



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৩ জানুয়ারি ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

লংগদুতে ইউপিডিএফ-জেএসএস(এমএন লারমা)'র মধ্যে গোলাগুলির ঘটনা সঠিক নয়, সন্ত্রাসের ব্রাশ ফায়ারেই আহত হয়েছেন দুলাল চাকমা

পাহাড় টোয়েন্টিফোর নামের অনলাইন পত্রিকায় “লংগদুতে ১জন গুলিবিদ্ধ” শিরোনামে প্রকাশিত সংবাদে ‘পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি(এমএন লারমা)-এর সশস্ত্র ক্যাডারদের সাথে ইউপিডিএফ এর সশস্ত্র সদস্যদের গোলাগুলির ঘটনায় ১ সাধারণ পাহাড়ি গুলিবিদ্ধ হয়েছেন’ বলে উল্লেখ করা হয়েছে। যা সর্বৈব মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন ও উদ্দেশ্য প্রণোদিত। ইউপিডিএফ কোনভাবেই এ ঘটনার সাথে সংশ্লিষ্ট নয়। মূলত জেএসএস সন্ত্রাস লারমা গ্রুপের ব্রাশ ফায়ারেই দুলাল চাকমা আহত হয়েছেন।

আসল ঘটনা হচ্ছে- আজ শুক্রবার সকালে দুলাল চাকমা বাঁশ কাটতে যাবার উদ্দেশ্যে বাড়ি থেকে বের হন। যাবার পথে তিনি দজরপাড়া দোকানে বসে চা-নাস্তা করছিলেন। এ সময়ই জঙ্গী চাকমার নেতৃত্বে জেএসএস সন্ত্রাস লারমা গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীরা জেএসএস(এমএন লারমা) এর কর্মীদের টার্গেট করে অতর্কিতে দোকান লক্ষ্য করে ব্রাশ ফায়ার করে। এতে ঘটনাস্থলেই দুলাল চাকমা গুলিবিদ্ধ হয়ে আহত হন।

মূল ঘটনাকে আড়াল করে ইউপিডিএফ ও জেএসএস(এমএন লারমা)-এর প্রতিনিধির কোন বক্তব্য উল্লেখ না করে, সন্ত্রাস গ্রুপের স্থানীয় এক নেতার উদ্ধৃতি দিয়ে সন্ত্রাস গ্রুপ কর্তৃক সংঘটিত এ ঘটনাকে উল্টো ইউপিডিএফ ও জেএসএস(এমএন লারমা) এর মধ্যকার গোলাগুলি হিসেবে প্রচার চালানো মিথ্যাচার ছাড়া আর কিছুই নয়। এই মিথ্যা সংবাদে আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং এ ধরনের মিথ্যা সংবাদ পরিবেশন থেকে বিরত থাকার জন্য সকল সংবাদ মাধ্যমকে অনুরোধ করছি।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ